

ভাল কাজ খারাপ কাজকে বিলুপ্ত করে

إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ السَّيِّئَاتِ

الْحَسَنَاتِ [ভাল কাজ] কোরআনে ৩ বার এসেছে এবং প্রতিবার এই শব্দটা **نون** এর পর আলিফ ছাড়াই লেখা হয়েছে।

এটা সাধারণত **حَسَنَاتٌ** লেখা হয়।

السَّيِّئَاتِ [খারাপ কাজ] কোরআনে ৩৬ বার এসেছে ও প্রতিবার এই শব্দে আলিফ যথাস্থানে আছে।

الْحَسَنَاتِ শব্দে আলিফকে বাদ দেয়া বোঝাচ্ছে যে একজন মানুষের ভাল কাজ সংখ্যায় কম হতে পারে কিন্তু তা তার সাথে সংযুক্ত থাকে, তার কাছে থাকে এবং তার কাছ থেকে আলাদা হয় না।

পক্ষান্তরে **السَّيِّئَاتِ** শব্দে আলিফ থাকা বোঝাচ্ছে যে খারাপ কাজগুলো একজন মানুষকে ত্যাগ করে যাওয়ার সম্ভাবনা আছে কারণ সে তওবা করতে পারে। যদি আল্লাহ তার তওবা কবুল করেন তাহলে তিনি তার খারাপ কাজগুলোকে ভাল কাজে পরিবর্তন করে দিবেন। সেই সাথে, খারাপ কাজ করার পর কেউ যদি ভাল কাজ করে তাহলে সেটা খারাপ কাজকে নিশ্চিহ্ন করে দেয় এবং পানি যেভাবে আগুনকে নিভিয়ে দেয় সেভাবে নিঃশেষ করে দেয়।

নিঃসন্দেহে সামান্য পরিমাণ ভাল কাজ বড় রকমের খারাপ কাজকে মুছে নিশ্চিহ্ন করে দিতে পারে।

তাছাড়াও, শুধুমাত্র একটা ভাল কাজ আমাদের ধারণার চেয়েও বহুগুণে বৃদ্ধি পেতে পারে।

সংগৃহীতঃ

إِعْجَازُ الْقُرْآنِ فِي الرَّسْمِ وَ التَّلَاوَةِ

আবু এমরা

أَبُو عَزَيْرٍ

অনুবাদঃ উম্ম আবরার